গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।
(borhanuddin.bhola.gov.bd)

স্মারক নং: ০৫.১০.০৯২১.০০০.৯৯.০০৬.২৩.৩০৪

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়নসমূহে গ্রামপুলিশগণের (দফাদার ও মহল্লাদার) শূন্যপদে সরাসরি নিয়োগের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড/ ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | ইউনিয়নের নাম | শূন্য পদের সংখ্যা (দফাদার) | শূন্য পদের সংখ্যা (মহল্লাদার) | | নিয়োগ পদ্ধতি | বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | ওয়ার্ড নম্বর | | | |
| ০১ | গংগাপুর ইউপি | - | ০২ | ০৫, ০৯ | সরাসরি নিয়োগের মাধ্যমে | **দফাদার** সরকারি ও ইউপি অংশ (৩৫০০+৩৫০০)<br><br>**মহল্লাদার** সরকারি ও ইউপি অংশ (৩২৫০+৩২৫০) | (১) মহল্লাদার পদের শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(২) দফাদার পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোনো স্বীকৃত বোর্ড হতে অনূন্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | সাচড়া ইউপি | - | ০২ | ০২, ০৪ | | | |
| ০৩ | দেউলা ইউপি | - | ০১ | ০৩ | | | |
| ০৪ | কাচিয়া ইউপি | - | ০২ | ০১, ০২ | | | |
| ০৫ | হাসাননগর ইউপি | ০১ | ০১ | ০২ | | | |
| ০৬ | টবগী ইউপি | ০১ | ০৩ | ০২, ০৭, ০৯ | | | |
| ০৭ | পক্ষিয়া ইউপি | - | ০২ | ০১, ০৫ | | | |
| ০৮ | বড়মানিকা ইউপি | - | ০১ | ০৯ | | | |
| ০৯ | কুতুবা ইউপি | - | ০২ | ০৬, ০৭ | | | |

**শর্তাবলি:**

১। প্রার্থী উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা বরাবর আগামী ১২ মে ২০২৪ তারিখ অফিস চলাকালীন ডাকযোগে/ সরাসরি আবেদনপত্র জমা দিতে পারবেন। একজন প্রার্থী একাধিক ওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন না। নির্ধারিত সময় শেষে আর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না;

২। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/ স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) জন্ম তারিখ (ঙ) অনলাইন জন্মনিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর (চ) স্থায়ী ঠিকানা (ছ) বর্তমান ঠিকানা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) জাতীয়তা (ট) ধর্ম (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) কোটা উল্লেখপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে;

৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং ছকে উল্লিখিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে শূন্য পদে লোক নিয়োগ করা হবে;

| প্রার্থী | সর্বনিম্ন উচ্চতা | সর্বনিম্ন ওজন | বুকের মাপ | |
|---|---|---|---|---|
| | | | স্বাভাবিক | সম্প্রসারণ |
| পুরুষ | ৫ ফুট ২ ইঞ্চি | ৫০ কেজি | ৩০ ইঞ্চি | ৩২ ইঞ্চি |
| মহিলা | ৫ ফুট | ৪৫ কেজি | ২৮ ইঞ্চি | ৩০ ইঞ্চি |

৪। প্রার্থীকে অবশ্যই খামের উপর পদের নাম ও কোটা উল্লেখ করতে হবে;

৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:
(ক) চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (খ) অনলাইন জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে) (ঘ) অন্যান্য অভিজ্ঞতার সদনপত্র (যদি থাকে) (ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি (চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এর প্রমাণপত্রের বা মূল সনদের সত্যায়িত কপি (জ) এতিম, আনসার ও ভিডিপি এবং মহিলা কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্র সংযুক্ত করতে হবে (ঝ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাকটিকেট যুক্ত ১০ ইঞ্চি× ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম যুক্ত করতে হবে;

৬। প্রার্থীর বয়স ১২ মে ২০২৪ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৭। সরকার কর্তৃক জারীকৃত কোটা সংক্রান্ত নির্দেশনাবলি অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে;

৮। পরীক্ষার ফি বাবদ দফাদারের পদের জন্য ২০০/-(দুইশত) টাকা এবং মহল্লাদার পদের জন্য ১০০/-(একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা এর অনুকূলে দরখাস্তের সাথে দাখিল করতে হবে।

৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;

১০। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১১। কোনো তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করতঃ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১২। পরবর্তীতে প্রার্থীদের স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

১৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২২/০৪/২৪

মোঃ রায়হান-উজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
দফাদার ও মহল্লাদার নিয়োগ কমিটি
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং: ০৫.১০.০৯২১.০০০.৯৯.০০৬.২৩.৩০৪

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)):**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৬. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা, ভোলা।
৭. সহকারী প্রোগ্রামা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোরহানউদ্দিন, ভোলা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. চেয়ারম্যান, গংগাপুর/ সাচড়া/ দেউলা/ কাচিয়া/ হাসাননগর/ টবগী/ পক্ষিয়া/ বড়মানিকা/ কুতুবা ইউপি, বোরহানউদ্দিন, ভোলা। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে টাঙানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. সম্পাদক, দৈনিক ইত্তেফাক (স্বল্প পরিসরে পত্রিকায় ছাপানোর অনুরোধসহ)।
১০. জনাব ......................................................, বোরহানউদ্দিন, ভোলা।
১১. অফিস কপি/ নোটিশ বোর্ড।

২২/০৪/২৪

মোঃ রায়হান-উজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।